



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
বেসরকারি কলেজ শাখা



স্মারক নং-৭জি-২৩০১(ক-৩)/২০০৬/২৬-০২/৬

তারিখ: ১/০৮/২০২২খ্রি.

বিষয়: বকেয়া বেতন-ভাতা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলাধীন আকবরিয়া স্কুল এন্ড কলেজ-এর সহকারী অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) জনাব এস এম রাশেদ মহামান্য হাইকোর্টের রায়ের আলোকে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি পাওয়ায় বকেয়া বেতন-ভাতা পাওয়ার বিষয়ে দায়েরকৃত রিট পিটিশন নং-৩২৫৪/২০২২ এর কাগজপত্র দাখিল করেছেন।

বর্ণিত বিষয়ে জনাব এস এম রাশেদ, সহকারী অধ্যাপক পদে ২০১২ সাল থেকে ভূতাপেক্ষভাবে সহকারী অধ্যাপকের স্কেলসহ বেতন গ্রেড-০৯ থেকে বেতন গ্রেড-০৬ এর বর্ধিত বকেয়া দাবি করে মহামান্য আদালতে রিট মামলা নং-৩২৫৪/২২ দায়ের করেন। ইতোপূর্বে মাউশি অধিদপ্তর থেকে একই বিষয়ে তার দায়েরকৃত রিট পিটিশন নং-৪০২৫/২০১৩ এর রায়ের প্রেক্ষিতে মাউশি অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামতসহ ২০১২ সাল থেকে বকেয়া প্রদানের সুযোগ নেই মর্মে মাউশি অধিদপ্তরের স্মারক নং-০৭জি-২৩০১(ক-৩)/২০০৬/১৬৩০/৫, তারিখ: ০৬/০৬/২০২২খ্রি. মোতাবেক পত্র প্রেরণ করা হয়।

বর্তমানে (পুনরায়) জনাব এস এম রাশেদ কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-৩২৫৪/২০২২ এর রায়ের প্রেক্ষিতে মাউশি অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত এর ভিত্তিতে জনাব এস এম রাশেদ এর ২০১২ সাল থেকে সহকারী অধ্যাপক পদের বকেয়া প্রাপ্তির সুযোগ নেই। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

১১/০৮/২০.৮.২২
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (ক-৩)
ফোন নং-৯৫৫৬০৫৭

অধ্যক্ষ

আকবরিয়া স্কুল এন্ড কলেজ
হাটহাজারী, চট্টগ্রাম।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম;
- ২। সভাপতি, গভর্নিংবডি আকবরিয়া স্কুল এন্ড কলেজ, হাটহাজারী, চট্টগ্রাম;
- ৩। জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম (পত্রটি অধ্যক্ষের নিকট পৌঁছানোর অনুরোধসহ);
- ৪। শিক্ষা কর্মকর্তা (আইন-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (রেজিস্ট্রার, মহামান্য সুপ্রীম কোর্টকে অবহিত করার অনুরোধসহ);
- ৫। জনাব এস এম রাশেদ, সহকারী অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), আকবরিয়া স্কুল এন্ড কলেজ, হাটহাজারী, চট্টগ্রাম
- ৬। সংরক্ষণ নথি।